দৈনিক বাংলা

তারিখ 16 JAN 1993
পৃষ্ঠা ৩ কলাম ৩

# রাজশাহী ভার্সিটির শিক্ষক সমিতি নির্বাচন ঃ হলুদ প্যানেল বিজয়ী

নিজস্ব সংবাদদাতা ঃ রাজশাহী, ১৫ জানুয়ারী।– বৃহস্পতিবার রাজশাহী বিশ্ববিদ্যালয় শিক্ষক সমিতির নির্বাচনে হলুদ প্যানেল বিজয়ী হয়েছে। মোট ১৫টি পদের মধ্যে সভাপতিসহ ১৪টি পদে হলুদ প্যানেলের প্রার্থীরা জয়লাভ করেন। সাধারণ সম্পাদক পদে সবুজ প্যানেলের ডঃ আমিনুল হক নির্বাচিত হয়েছেন।

নির্বাচিত অন্য সদস্যরা হচ্ছেন–সভাপতি পদে (প্রাণ রসায়ন) ডঃ কায়েসউদ্দীন, সহ–সভাপতি মোহাম্মদ আবদুল বারী (ইতিহাস), কোষাধক্ষক–মোহাম্মদ আবুল বাশার মিয়া (পরিসংখ্যান), যুগ্ম সম্পাদক আনন্দ কুমার সাহা (প্রাণীবিদ্যা), সদস্য পদে–মোঃ শমসের আলী (ইতিহাস), মোঃ মিজানউদ্দীন (সমাজ বিজ্ঞান), মুন্সী মনজুরুল হক (ইসলামের ইতিহাস সংস্কৃতি), আবু বকর সিদ্দিক (বাংলা), জাফর রেজা খান (ভূগোল), মোঃ আফতাব আলম খান (ভূতত্ত্ব ও খনিবিদ্যা), মোঃ মোয়াজ্জেম হোসেন খান (অর্থনীতি), আবু সালেহ আবদুন নূর (গণিত), এম শামসুর রহমান (রাষ্ট্র বিজ্ঞান)।

মোট ৫২৫ জন শিক্ষকের মধ্যে ৪৭৩ জন ভোটাধিকার প্রয়োগ করেন।